# সংস্কার না হলে বর্তমান সরকারও স্বৈরাচারী হবে: নাহিদ ইসলাম



নাহিদ ইসলাম। ছবি: সংগৃহীত

রাষ্ট্র পরিচালনায় মৌলিক সংস্কার না আনলে যে কোনো সরকারই স্বৈরতান্ত্রিক প্রবণতার দিকে যেতে পারে বলে মন্তব্য করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক ও বিরোধীদলীয় নেতা নাহিদ ইসলাম।

শুক্রবার (৭ আগস্ট) বিকেলে জামায়াতে ইসলামীর আয়োজিত একটি আলোকচিত্র প্রদর্শনী পরিদর্শন শেষে তিনি সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ মন্তব্য করেন।

নাহিদ ইসলাম বলেন, রাষ্ট্রের বিভিন্ন প্রতিষ্ঠান, বিশেষ করে পুলিশ, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং বিশ্ববিদ্যালয় প্রশাসনের নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন তৈরি হয়েছে। তাঁর অভিযোগ, এসব প্রতিষ্ঠানে আবারও দলীয় প্রভাব বাড়ছে, যা সুশাসনের জন্য উদ্বেগজনক।

তিনি বলেন, ব্যক্তি বা সরকারপ্রধানের সদিচ্ছার ওপর রাষ্ট্র পরিচালনা নির্ভর করতে পারে না। রাষ্ট্রব্যবস্থাকে টেকসই করতে হলে প্রাতিষ্ঠানিক ও কাঠামোগত সংস্কার জরুরি। অন্যথায় বর্তমান সরকারও স্বৈরাচারী আচরণের দিকে এগোতে পারে বলে আশঙ্কা প্রকাশ করেন তিনি।

LENS ASIA

আওয়ামী লীগের প্রসঙ্গ টেনে নাহিদ ইসলাম বলেন, দলটি রাজনৈতিকভাবে ব্যর্থ হয়েছে। তাঁর দাবি, তারা পুনরায় সক্রিয় হওয়ার চেষ্টা করলে জনগণের প্রতিরোধের মুখোমুখি হতে হবে। এ বিষয়ে বিরোধী শক্তিগুলো ঐক্যবদ্ধ রয়েছে বলেও মন্তব্য করেন তিনি।